**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 26-08-2026**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) রাজ্য ত্রয়োদশ বিধানসভার তিনদিন ব্যাপী দশম অধিবেশন আগামীকাল থেকে শুরু।**

**(২) ইন্ডিয়ান মেডিকেল অ্যাসোসিয়েশন ইনফ্লুয়েঞ্জা H1N1-এর সংক্রমণ বিষয়ে সতর্ক থাকার পরামর্শ দিয়েছে।**

**(৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল 'খেলো ইন্ডিয়া ডায়ালগ'-এ ভার্চুয়ালি বক্তব্য রাখবেন।**

**(৪) ক্রীড়া মন্ত্রক, সাই এবং বিএসএফ-এর যৌথ উদ্যোগে উদয়পুরে ভলিবল টুর্নামেন্টের সূচনা।**

***********************************************************

**Assembly Session:**

রাজ্য ত্রয়োদশ বিধানসভার তিনদিন ব্যাপী দশম অধিবেশন আগামীকাল সকাল ১১টা থেকে শুরু হবে৷ তা চলবে ৩১শে আগস্ট পর্যন্ত। অধিবেশনে প্রশ্নোত্তর পর্ব সহ জনস্বার্থ সম্পর্কিত বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা হওয়ার কথা রয়েছে|

***************************

**Influenza A H1N1:**

ইনফ্লুয়েঞ্জা-এ H1N1-এর সংক্রমণ এই মরশুমে বেড়ে যাওয়ায় ইন্ডিয়ান মেডিকেল অ্যাসোসিয়েশন সবাইকে সতর্ক থাকার আহ্বান জানিয়েছে।

অ্যাসোসিয়েশন জানিয়েছে, সংক্রমণের বেশিরভাগ ঘটনাই মৃদু এবং তা নিজে থেকেই সেরে যায়, তাই আতঙ্কিত হওয়ার কোনো কারণ নেই। আইএমএ পরামর্শ দিয়েছে, ইনফ্লুয়েঞ্জার উপসর্গের জন্য যেন চিকিৎসকের পরামর্শ ছাড়া সরাসরি দোকান থেকে কিনে অ্যান্টিবায়োটিক ব্যবহার না করা হয়। আইএমএ জানিয়েছে, H1N1 সংক্রমণের ক্ষেত্রে সাধারণত হঠাৎ তীব্র জ্বর ও কাঁপুনি, একটানা শুকনো কাশি, গলা ব্যথা, তীব্র পেশী ব্যথা এবং ক্লান্তি দেখা দেয়। সংক্রমণ ছড়িয়ে পড়া রোধ করতে আই.এম.এ কিছু সাধারণ প্রতিরোধমূলক ব্যবস্থা গ্রহণের সুপারিশ করেছে। এর মধ্যে রয়েছে সাবান ও জল দিয়ে অন্তত ২০ সেকেন্ড ধরে ঘন ঘন হাত ধোয়া ও হ্যান্ড স্যানিটাইজার ব্যবহার করা। জনাকীর্ণ স্থানে মাস্ক পরারও সুপারিশ করা হয়েছে।

***************************

**Milad-un-Nabi:**

আজ সারা দেশে ইসলাম ধর্মের প্রবর্তক ও শেষ নবি হজরত মহম্মদের আবির্ভাব দিবস 'ঈদ-এ-মিলাদ-উন-নবী' উদযাপিত হচ্ছে। এই উপলক্ষে রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু, উপ-রাষ্ট্রপতি সি. পি. রাধাকৃষ্ণান, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী শুভেচ্ছা জানিয়েছেন।

এ উপলক্ষে ত্রিপুরা গাউছিয়া সমিতির উদ্যোগে এক বর্ণাঢ্য শোভাযাত্রা অনুষ্ঠিত হয়। শোভাযাত্রা ইন্দ্রনগর গাউছিয়া সমিতি থেকে শুরু হয়ে শহরের বিভিন্ন পথ পরিক্রমা করে।

***************************

**Milad-un-Nabi -KAILASHAHAR:**

কৈলাশহরের বিভিন্ন স্থান থেকে তাজিয়া সহকারে বর্ণময় শোভাযাত্রা মিলিত হয় টিলাবাজার মাদ্রাসা ময়দানে। সেখানে বিশিষ্ট ব্যক্তিত্বগণ বিশ্বনবী হজরত

মহম্মদের জীবনাদর্শ এবং শান্তি-মানবতার বাণী নিয়ে আলোকপাত করেন। সমবেতভাবে নামাজ আদায় ও বিশ্বশান্তি ও সৌভ্রাতৃত্ব কামনায় বিশেষ প্রার্থনা বা মোনাজাত অনুষ্ঠিত হয়।

***************************

**Khelo India Dialogue:**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল ভিডিও কনফারেন্সের মাধ্যমে 'খেলো ইন্ডিয়া ডায়ালগ'-এ বক্তব্য রাখবেন। 'জাতীয় ক্রীড়া দিবস ২০২৬' উদযাপনের অঙ্গ হিসেবে 'মেরা যুব ভারত'-এর আয়োজন করেছে। দেশের প্রতিটি রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলের প্রতিটি জেলার দুটি করে স্কুল-কলেজে তরুণদের অংশগ্রহণে এই কর্মসূচি অনুষ্ঠিত হবে। এই কর্মসূচিতে খেলাধুলা, যুব নেতৃত্ব, নাগরিক দায়িত্ববোধ, স্বেচ্ছাসেবী কার্যক্রম, শারীরিক সুস্থতা এবং জাতি গঠনের বিষয়গুলোকে এক মঞ্চে নিয়ে আসবে।

এর মাধ্যমে দেশের তরুণদের ভাবনা, পরামর্শ ও উদ্ভাবনী চিন্তাকে ক্রীড়া সংক্রান্ত নীতি প্রণয়নের সঙ্গে যুক্ত করার উদ্যোগ নেওয়া হয়েছে। এই কর্মসূচিতে মূলত চারটি গুরুত্বপূর্ণ বিষয়কে সামনে রাখা হয়েছে। প্রথমত, দেশের ক্রীড়া পরিকাঠামো উন্নয়ন এবং তৃণমূল স্তরে ক্রীড়া সুবিধা। দ্বিতীয়ত, ২০৩৬ সালের অলিম্পিকের লক্ষ্যে বৈজ্ঞানিক পদ্ধতিতে প্রতিভা অন্বেষণ ও ক্রীড়াবিদদের প্রশিক্ষণ দেওয়া। তৃতীয়ত, যুব নেতৃত্বকে শক্তিশালী করা এবং প্রশাসনিক ব্যবস্থায় তরুণদের অংশগ্রহণ বাড়ানো। চতুর্থত, ভবিষ্যৎমুখী দক্ষতা অর্জন, স্বেচ্ছাসেবা এবং দেশ গঠনের কাজে যুবসমাজকে আরও সক্রিয়ভাবে যুক্ত করা।

মূল অনুষ্ঠানের পর অংশগ্রহণকারী, 'মেরা যুব ভারত'-এর স্বেচ্ছাসেবক, স্থানীয় ক্রীড়াবিদ এবং জনপ্রতিনিধিদের মধ্যে স্থানীয় পর্যায়ে মতবিনিময় ও

আলোচনার আয়োজন করা হবে। এই আলোচনায় আগ্রহী তরুণদের সাথে ভারতের শীর্ষস্থানীয় ক্রীড়াবিদ ও পদকজয়ীদের সরাসরি মতবিনিময়ের সুযোগ থাকবে।

**************************

## Lok Bhavan-Tipra Motha:

তিপরা মথা দলের প্রধান প্রদ্যোৎ কিশোর দেববর্মণ আজ আগরতলায় লোকভবনে রাজ্যপাল ইন্দ্র সেনা রেড্ডি নাল্লুর সঙ্গে সাক্ষাৎ করেন৷ সঙ্গে ছিলেন, এডিসির মুখ্য কার্যনির্বাহী সদস্য রুনিয়েল দেববর্মা। রাজ্যপালের সঙ্গে সাক্ষাতকালে তারা এডিসি'র স্বার্থ সম্পর্কিত বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা করেন|

**************************

## CPI(M) State Committee:

সিপিআইএম রাজ্য কমিটির একদিনের বৈঠক আজ সকাল থেকে শুরু হয়। আগরতলায় অনুষ্ঠিত এই বৈঠকে অংশ নেন সিপিআইএম-এর সর্বভারতীয় সাধারণ সম্পাদক এম এ বেবি, রাজ্য সম্পাদক জিতেন্দ্র চৌধুরী, প্রাক্তন মুখ্যমন্ত্রী মানিক সরকার সহ রাজ্য কমিটির অন্যান্য সদস্যগণ৷

**************************

## Maan Ki Baat :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ৩০শে আগস্ট রবিবার সকাল ১১টায় আকাশবাণীর 'মন-কি-বাত' অনুষ্ঠানে দেশ বিদেশের জনগনের সঙ্গে মতবিনিময় করবেন৷ এটি হবে 'মন-কি-বাত'–এর ১৩৭তম পর্ব৷ প্রধানমন্ত্রী জনগণকে তাদের সুচিন্তিত চিন্তাভাবনা 'মন-কি-বাত' এ জানানোর আহ্বান জানিয়েছেন৷ my gov open forum –এ এবং নমো APP-এ জনগণ তাদের

মতামত পাঠাতে পারবেন। এছাড়াও TOLL FREE NO. 1800-11-7800 নম্বরে কল করে হিন্দি বা ইংরেজীতে মতামত রেকর্ড করানো যাবে। এছাড়াও, ১৯২২ নম্বরে মিসকল দিলে যে লিংক পাওয়া যাবে, তাতেও SMS করা যাবে। ফোন এবং মেসেজ পাঠানো যাবে আগামী ২৮শে আগষ্ট রাত ১১টা ৪৫ পর্যন্ত|

**************************

## Update Akashvani :

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে|

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপে। ফলো করুন - সোশ্যাল মিডিয়ায় ফেসবুক ও এক্স হ্যান্ডেল অল ইন্ডিয়া রেডিও নিউজ এবং ইনস্টাগ্রাম পেজ এ-আই-আর-নিউজ-এলার্টস। দেখুন অফিসিয়াল ইউটিউব চ্যানেল নিউজ-অন-এআইআর|

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউটিউবে আকাশবাণী নিউজ আগরতলা|

**************************

## PM- Nepal Flood:

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ নেপালের প্রধানমন্ত্রী বলেন্দ্র শাহের সঙ্গে কথা বলে সে দেশের ভয়াবহ বন্যায় ক্ষতিগ্রস্থদের প্রতি সহানুভুতি জানিয়েছেন। সামাজিক মাধ্যমে এক বার্তায় শ্রী মোদী বলেন, এই কঠিন সময়ে ভারতবাসী নেপালের ভাই-বোনদের পাশে রয়েছে। সরকারি সূত্র অনুযায়ী, ভারত যত দ্রুত সম্ভব নেপালে ত্রাণসামগ্রী পাঠানোর প্রস্তুতি নিচ্ছে। প্রধানমন্ত্রী জানান, নেপালকে

সম্ভাব্য সব ধরনের মানবিক সহায়তা দিতে ভারত প্রস্তুত। কাঠমান্ডুতে অবস্থিত ভারতীয় দূতাবাস নেপালে আকস্মিক বন্যায় ক্ষতিগ্রস্ত ভারতীয় নাগরিকদের সহায়তা ও তথ্যের জন্য জরুরি ফোন নম্বর চালু করেছে। দূতাবাস জানিয়েছে, আকস্মিক বন্যায় ক্ষতিগ্রস্ত ভারতীয় নাগরিকদের দ্রুত উদ্ধার ও ত্রাণ সহায়তার বিষয়ে তারা নেপাল সরকারের সঙ্গে যোগাযোগ রেখেছে।

***************************

**e-Shram Portal:**

'ই-শ্রম' পোর্টালের আজ পাঁচ বছর পূর্ণ হল। অসংগঠিত ক্ষেত্রের কর্মীদের সামাজিক সুরক্ষা দেওয়ার ক্ষেত্রে এটি একটি গুরুত্বপূর্ণ মাইলফলক। কেন্দ্রীয় শ্রম ও কর্মসংস্থান মন্ত্রকের উদ্যোগে ২০২১ সালে চালু হওয়া এই পোর্টালটি দেশের অসংগঠিত ক্ষেত্রের কর্মীদের জন্য সর্বপ্রথম আধার-সংযুক্ত জাতীয় ডেটাবেস তৈরি করেছে। এই পোর্টালে ৩১ কোটি ৮৯ লক্ষেরও বেশি নিবন্ধন হয়েছে| এর মাধ্যমে 'ই-শ্রম' পরিষেবা প্রদান প্রক্রিয়াকে আরও উন্নত ও সহজতর করেছে৷ এতে ১৫টি সামাজিক সুরক্ষা ও কল্যাণমূলক প্রকল্প একত্রিত রয়েছে। এর মধ্যে রয়েছে – ‘প্রধানমন্ত্রী শ্রম যোগী মান-ধন যোজনা’, ‘প্রধানমন্ত্রী সুরক্ষা বিমা যোজনা’, ‘প্রধানমন্ত্রী জীবন জ্যোতি বিমা যোজনা’, ‘জাতীয় সামাজিক সহায়তা কর্মসূচি’, ‘এক দেশ এক রেশন কার্ড’, ‘প্রধানমন্ত্রী আবাস যোজনা-গ্রামীণ’ ইত্যাদি।

***************************

**Weather :**

ভারতীয় আবহাওয়া দপ্তর আগামী ৩০শে আগস্ট ত্রিপুরা সহ উত্তর-পূর্বাঞ্চলের বেশ কয়েকটি রাজ্যে অতি ভারী বৃষ্টিপাতের সতর্কতা জারি করেছে|

এদিকে, রাজ্য আবহাওয়া দপ্তর সূত্রে জানা গেছে, আগামী ২৪ ঘন্টায়  রাজ্যের সবকটি জেলায় বজ্রবিদ্যুৎ সহ সহ বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে| আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৪ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৬ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬.৪ ডিগ্রি সেলসিয়াস।

***************************

**SPANDAN-Sports:**

উদয়পুরের বাগমা বিএসএফ ক্যাম্পাসে আজ থেকে চার দিনের 'স্পন্দন-স্পোর্টস ফর পিস অ্যান্ড ডেভেলপমেন্ট' ভলিবল টুর্নামেন্ট শুরু হয়েছে। ১৬৯ নম্বর বিএসএফ ব্যাটেলিয়ন, কেন্দ্রীয় ক্রীড়া ও যুব বিষয়ক মন্ত্রক এবং স্পোর্টস অথরিটি অব ইন্ডিয়ার যৌথ উদ্যোগে আয়োজিত এই টুর্নামেন্টের সূচনা করেন বিএসএফ এর ডি.আই.জি গজরত যাদব। টুর্নামেন্টে রাজ্যের আট জেলা থেকে আটটি দল অংশ নিয়েছে। উদ্বোধনী ম্যাচে সিপাহীজলা জেলা ২-১ সেট-এর ব্যবধানে ধলাই জেলাকে পরাজিত করেছে।

***************************

**Cricket :**

সিনিয়র প্লেট ক্রিকেটে আজ জয় পেয়েছে কমলপুর এবং গন্ডাছড়া। এমবিবি স্টেডিয়ামে আয়োজিত ম্যাচে লংতরাই ভ্যালি প্রথমে ব্যাট করতে নেমে ১৬৭ রানে গুটিয়ে যায়। জবাবে খেলতে নেমে গন্ডাছড়া চার উইকেট হারিয়ে প্রয়োজনীয় রান তুলে নেয়। গন্ডাছড়ার হয়ে হেমন্ত চাকমা ৬৯ রান করেন। উদয়পুরের জামজুরি মাঠে আয়োজিত অপর ম্যাচে আমবাসা প্রথমে ব্যাট করতে নেমে ১৩১ রান সংগ্রহ করে। জবাবে খেলতে নেমে কমলপুর ৯ উইকেট হারিয়ে প্রয়োজনীয় রান তুলে নেয়।

***************************

**Football :**

বৈকুণ্ঠ নাথ মেমোরিয়াল মহিলা ফুটবলে উমাকান্ত মিনি স্টেডিয়ামে আজ জম্পুইজলা প্লে সেন্টার দুই–শূন্য গোলে রামকৃষ্ণ সেবা আশ্রম সংঘকে হারিয়েছে। ত্রিপুরা ফুটবল অ্যাসোসিয়েশন আয়োজিত সুপার লিগের প্রথম ম্যাচে জম্পুইজলার হয়ে দুটি গোল করেন নিকি কে এবং সুয়ারি দেববর্মা।

***************************

***************************